বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

*"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"*

মুজিব শতবর্ষ

বাউবি/তথ্য-৯৯/০৩(৬)তথ্য অধিকার/২০২২/৩৬২৬

তারিখ: ০১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

## ২য় সভার বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে বাউবি'র তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সভাপতি মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন-এর সভাপতিত্বে ২য় সভা **জুম ওয়েবিনারে** নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। সভার একজন সম্মানিত সদস্য হিসেবে আপনার উপস্থিতি একান্তভাবে কাম্য।

### সভার সূচি :

তারিখ : ১৮ মার্চ, ২০২২; শুক্রবার
সময় : সকাল ১০:০০ টা

আলোচ্যসূচি ঃ

১. তথ্য অধিকার আইন ২০০৯ শীর্ষক কর্মশালা;
২. বিবিধ।

ধন্যবাদসহ,

(স্বাক্ষর) ১৫.০৩.২০২২

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত),
তথ্য ও গণসংযোগ বিভাগ
ও
সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, উপ-উপাচার্য (শিক্ষা), বাউবি।
২. অধ্যাপক ড. সোয়েব আহমেদ (শোয়েব জিবরান), স্কুল অব এডুকেশন, বাউবি।
৩. এ এসএম নোমান আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), পরীক্ষা বিভাগ, বাউবি।
৪. এমএস. সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি।
৫. এমএস. সঙ্গীতা মোরশেদ, লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. মোঃ আব্দুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, প্রশাসন বিভাগ, বাউবি।
৭. মোঃ আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৮. মোঃ আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, বাউবি।
৯. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (যথাসময়ে সদস্যদের জুম ওয়েবিনারের লিংক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
১০. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. সহকারী পরিচালক, রেজিস্ট্রারের দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩. সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ, গাজীপুর-১৭০৫-ফোন-৯২৯১১১৯

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির ১৮-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে গঠিত কমিটির এক জুম ওয়েবিনার সভা ১৮ মার্চ-২০২২ তারিখ শুক্রবার সকাল ১০:০০ টায় কমিটির সভাপতি মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) **অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ সংযুক্ত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, উপ-উপাচার্য (শিক্ষা), বাউবি। | সভাপতি |
| ২. | ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান), অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি। | সদস্য |
| ৩. | এ এস এম নোমান আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), পরীক্ষা বিভাগ,বাউবি। | সদস্য |
| ৪. | এমএস সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি। | সদস্য |
| ৫. | এমএস. সঙ্গীতা মোরশেদ, লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি। | সদস্য |
| ৬. | মোঃ আবদুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন, প্রশাসন বিভাগ, বাউবি। | সদস্য |
| ৭. | মোঃ আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। | সদস্য |
| ৮. | মোঃ আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি। | সদস্য |
| ৯. | ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি। | সদস্য-সচিব |

সভার শুরুতেই সভাপতি উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয় সকলকে স্বাগত জানিয়ে জুম ওয়েবিনারে সভায় সংযুক্ত থাকার জন্য ধন্যবাদ জানান। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবসে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সদস্য-সচিবকে তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্ত সভাকে অবহিত করার অনুরোধ জানান । সদস্য সচিব গত ৩১-১২-২০২১ তারিখে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ শীর্ষক কর্মশালা অনুষ্ঠানের বিষয়ে সভাকে অবহিত করেন। সভায় বিশদ আলোচনা শেষে নিম্নোক্ত সুপারিশ গৃহীত হয়।

**সুপারিশ : ১**

তথ্য অধিকার আইন-২০০৯ এবং কর্মপরিকল্পনা সম্পর্কে একটি ওয়ার্কশপ ২৮-০৩-২০২২ তারিখে অনুষ্ঠানের বিষয়ে সকলে একমত পোষণ করেন। ওয়ার্কশপে বাউবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি এবং সাবেক তথ্য কমিশনার অধ্যাপক ড. সাদেকা হালিমকে রিসোর্স পার্সন হিসেবে আমন্ত্রণ জানানো হবে। এছাড়া মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন রিসোর্স পার্সন হিসেবে থাকবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অধ্যাপক ড. নাসিম বানু,উপ-উপাচার্য (প্রশাসন), ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মুহাঃ শফিকুল আলম থাকবেন।

**সুপারিশ : ২**

ওয়ার্কশপে বাউবি'র ছয়টি অনুষদের ডিন, বিভাগীয় প্রধানগণ, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক, ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং এর যুগ্মপরিচালক, মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য, ট্রেজারার এবং রেজিস্ট্রার মহোদয়ের একান্ত সচিবগণ অংশ নেবেন। আঞ্চলিক পরিচালকগণ এবং উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানগণ ভার্চুয়ালি অংশ নেবেন।

**সুপারিশ : ৩**

ওয়ার্কশপের যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য তথ্য ও গণসংযোগ বিভাগ একটি বাজেট প্রণয়ন করে তা নথিতে উপস্থাপন করে কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে অর্থ উত্তোলন করে যাবতীয় কাজ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/06/2022

**ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন**
পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ ও
সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি

20/6/2022

**অধ্যাপক মাহবুবা নাসরীন** পিএইচডি
উপ-উপাচার্য (শিক্ষা) ও
সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি

D/All dibash/21 February-Meeting